JAN. 3 1 2001 | তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১..২ কলাম ..৫......
দৈনিক ইত্তেফাক

# আজ শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের অনশন

**ইত্তেফাক রিপোর্ট** ॥ ৬ দফা দাবী আদায়ের লক্ষ্যে শিক্ষক-কর্মচারী

## শিক্ষক-কর্মচারী

(শেষ পৃষ্ঠার পর)

ঐক্যজোট আজ বুধবার মুক্তাঙ্গনে সকাল ১০টা হইতে সন্ধ্যা ৬টা পর্যন্ত অনশন কর্মসূচী পালন করিবে। ইহাছাড়া একই দাবী আদায়ের লক্ষ্যে ৬ই ফেব্রুয়ারী কেন্দ্রীয় শহীদ মিনারে শিক্ষক মহাসমাবেশ অনুষ্ঠিত হইবে।

খুলনা অফিস ॥ শতকরা একশতভাগ সরকারী বেতনসহ ৬ দফা দাবী আদায়ের লক্ষ্যে গতকাল মঙ্গলবার শহীদ হাদিস পার্কে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট প্রতীক অনশন পালন করে। কর্মসূচী চলাকালে সমাবেশে বলা হয়, দাবী আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত থাকিবে। সমাবেশে বক্তৃতা করেন অধ্যক্ষ মাজহারুল হান্নান, অধ্যাপক দিদারুল আলম প্রমুখ। বিকাল ৪টায় খুলনা সিটি কর্পোরেশনের মেয়র শেখ তৈয়েবুর রহমান সরবত পান করাইয়া অনশনকারীদের অনশন ভাঙ্গান।

মাদারীপুর সংবাদদাতা ॥ গতকাল জেলা প্রশাসক কার্যালয়ের সামনে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের আয়োজনে প্রতীক অনশন পালিত হয়। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাহবুব হোসেন শিকদার। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন আহসানুল হক, সত্যব্রত বিশ্বাস, রাম প্রসাদ দত্ত প্রমুখ।

রাঙ্গামাটি সংবাদদাতা ॥ বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন, রাঙ্গামাটি জেলা শাখার উদ্যোগে গতকাল জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মুখে প্রতীক অনশন কর্মসূচী পালন করা হয়। এই সময় এক সমাবেশে বক্তৃতা করেন শিক্ষক সমিতির ফেডারেশন রাঙ্গামাটি জেলা শাখার সভাপতি মোঃ মঈনউদ্দীন ও সদস্য নেজামউদ্দীন।

চট্টগ্রাম অফিস ॥ বাংলাদেশ শিক্ষক সমিতির (ফেডারেশন) উদ্যোগে গতকাল মঙ্গলবার চট্টগ্রাম কেন্দ্রীয় শহীদ মিনারে সংগঠনের বিভিন্ন দাবী আদায়ের লক্ষ্যে সকাল ১০টা হইতে ৫ ঘন্টার প্রতীক অনশন ধর্মঘট পালিত হইয়াছে। এ সময় অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন বাশিস (ফেডারেশন) আঞ্চলিক সভাপতি মুহিবুর রহমান চৌধুরী। এতে বক্তৃতা করেন, নাসির আহমদ, এম,এ ছফা, ফৌজুল আজিম চৌধুরী, সুবাস চন্দ্র পালিত প্রমুখ। বক্তারা আগামী ৬ই ফেব্রুয়ারী ঢাকায় অনুষ্ঠেয় মহাসমাবেশ সফল করিয়া তোলা, ৬ দফা দাবী মানিয়া লইয়া, বিগত বৎসর স্বাক্ষরিত চুক্তির শিক্ষকদের স্বার্থ পরিপন্থী ধারা বাতিলের দাবী জানান।